**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শাখা-০১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.tmed.gov.bd

স্মারক নং- ৫৭.০০.০০০০.০৫৫.৯৯.০০০৩.২৫- ২৫১

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ / ২৪ ডিসেম্বর ২০২৫

# প্রজ্ঞাপন

সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯ অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ২২.০৭.২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৭৬৪.২০২৫-১৭৩ নং স্মারকের সুপারিশক্রমে এ প্রজ্ঞাপনে নিম্নেবর্ণিত প্রার্থীকে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধীন মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের **"সহকারী প্রোগ্রামার"** পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুসারে ২২,০০০- ৫৩,০৬০/- টাকা বেতনক্রমে (৯ম গ্রেড) সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে নিম্নবর্ণিত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

**প্রার্থীর বিবরণ :**

| ক্রমিক | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম ও গ্রেড | রেজি নং |
|---|---|---|---|---|
| ০১. | জনাব মোঃ সাইফুজ্জামান<br>পিতা- মো: আবু দাউদ মিয়া<br>মাতা- শাহানাজ বেগম | গ্রাম/শহরঃ রামকোল<br>বাহাদুরপুর<br>ডাকঘরঃ রামকোল-৭৭২১<br>থানা/উপজেলাঃ পাংশা<br>জেলাঃ রাজবাড়ী | "সহকারী প্রোগ্রামার"<br>(৯ম গ্রেড) | ০০০৫৪৩ |

**শর্তাবলী:**

(ক) সরকার কর্তৃক সময় সময় প্রদত্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে;

(খ) তাঁকে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকেই তাঁকে চাকরি হতে অপসারণ করা হবে;

(গ) উপানুচ্ছেদ (ক) এ উল্লিখিত প্রশিক্ষণ সাফল্যের সাথে সমাপন এবং উপানুচ্ছেদ (খ)-এ উল্লিখিত শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে অতিক্রান্ত হলে তাঁকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) উপানুচ্ছেদ (ক)-এ উল্লিখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকাল অথবা শিক্ষানবিশকালে উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ ভ্রমণ/অন্যান্য ভাতাদিসহ প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ তিনি ফেরত দিতে বাধ্য থাকবেন। তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী অ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঙ) পরবর্তীতে যে কোন সময় প্রার্থীর যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোন ক্ষেত্রে যেমন যাচিত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুলত্রুটি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে;

(চ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ছ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(জ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন, আদেশ ইত্যাদি দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ঝ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঞ) বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রেও এ সংক্রান্ত প্রচলিত বিধি-বিধান প্রযোজ্য হবে; এবং

(ট) চাকরিতে যোগদানের জন্য প্রার্থী কোন ভ্রমণ /দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০২. উল্লিখিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী **০৬ জানুয়ারি ২০২৬ তারিখে** নির্বাচিত প্রার্থীকে তাঁর নামের পাশে বর্ণিত পদে **সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (ভবন নং-৬, ১৬ তলা), ঢাকা** বরাবর যোগদান করার জন্য অনুরোধ করা হ'ল। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে ব্যর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং তাঁর নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৪/১২/২০২৫

মুহাম্মদ রফিকুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৫৫.৯৯.০০০৩.২৫-২৫১ / ১ (১৪)

তারিখ: ০৯ পৌষ ১৪৩২ / ২৪ ডিসেম্বর ২০২৫

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়।
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউবেইলি রোড, ঢাকা। (পাঁচজন প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
৮. যুগ্মসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)।
১০. সচিবের একান্ত সচিব (উপসচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১১. উপপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (**উপর্যুক্ত প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে ০৫ (পাঁচ) কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো**)।
১২. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১৩. প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
১৪. জনাব মোঃ সাইফুজ্জামান, পিতা- মো: আবু দাউদ মিয়া, গ্রাম রামকোল বাহাদুরপুর, ডাকঘরঃ রামকোল-৭৭২১, উপজেলাঃ পাংশা, জেলাঃ রাজবাড়ী। ।
১৫. অফিস কপি।

২৪/১২/২০২৫

(মো: রাহাত মান্নান)
উপসচিব
ফোন : ০২-৫৫১০১১২৭
ই-মেইল: dsmad@tmed.gov.bd